# বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড

কর্মচারী পরিদপ্তর
পানি ভবন (লেভেল-৭), ব্লক-এইচ
৭২, গ্রীন রোড, ঢাকা।
ফোন: ৮৮-০২২২২২৩০১৩৮-৩৯

নম্বর: ২৪৩-পাউবো(কপ)/বি-১ তারিখ: ০৬ আশ্বিন ১৪৩০ / ২১ সেপ্টেম্বর ২০২৩

## সার্কুলার

বোর্ডের স্মারক নং-৮৯-পাউবো/সচি/অহিনি-২/আসু-১১৪/৯৪, তারিখ: ১১/০৮/২০০৫ খ্রি. এর মাধ্যমে জারিকৃত সার্কুলার অনুযায়ী বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ডের কর্মকর্তা/কর্মচারীগণের মূল চাকুরী বহি ও ডুপ্লিকেট চাকুরী বহি সংশ্লিষ্ট কর্মকর্তা/কর্মচারীর সর্বশেষ দপ্তরে এবং ব্যক্তিগতভাবে সংরক্ষণ করার নির্দেশনা রয়েছে। তবে, লক্ষ্য করা যাচ্ছে যে, বর্তমানে কর্মরত এবং অবসরপ্রাপ্ত কর্মকর্তা/কর্মচারীগণের মূল চাকুরী বহি সংশ্লিষ্ট দপ্তর হতে হারিয়ে যাওয়ার/বিনষ্ট হওয়ার তথ্য পাওয়া যাচ্ছে। মূল চাকুরী বহি না থাকায় ঐ সকল কর্মকর্তা/কর্মচারীগণের পেনশন প্রাপ্তিসহ অন্যান্য সংস্থাপন কার্যাদি নিষ্পত্তিতে জটিলতা সৃষ্টি হচ্ছে। এরূপ পরিস্থিতি পরিহার করার জন্য কর্মকর্তা/কর্মচারীগণের মূল চাকুরী বহি সংশ্লিষ্ট দপ্তর কর্তৃক সংরক্ষণ করতে হবে। উল্লেখ্য যে, ভবিষ্যতে কোন দপ্তর হতে মূল চাকুরী বহি হারিয়ে গেলে/বিনষ্ট হলে তার সুনির্দিষ্ট কারণসহ দায়-দায়িত্ব নির্ধারণ করতে হবে, অন্যথায় চাকুরী বহি হারানোর সকল দায়ভার সংশ্লিষ্ট চাকুরী বহি হেফাজতকারী/ সংরক্ষণকারী কর্মকর্তা/কর্মচারীগণের উপর বর্তাবে। তদুপরি সংশ্লিষ্ট দপ্তর প্রধান ৩ (তিন) মাস অন্তর অন্তর কর্মচারীগণের চাকুরীবহি হেফাজত/সংরক্ষণের বিষয়টি তদারকি করবেন।

০২। মহাপরিচালক, বাপাউবো মহোদয়ের অনুমোদনক্রমে এ আদেশ জারি করা হলো।

(মোঃ খুরশীদ আলম)
উপ-পরিচালক-১
আইডি নং-৬৭০১০১০১৯

নম্বর: ২৪৩/১(৫০)-পাউবো(কপ)/বি-১ তারিখ: ০৬ আশ্বিন ১৪৩০ / ২১ সেপ্টেম্বর ২০২৩

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো:

১। প্রধান প্রকৌশলী/অতিরিক্ত প্রধান প্রকৌশলী (সকল), ..........................................।
২। নিয়ন্ত্রক, অর্থ ও হিসাব, বাপাউবো, ঢাকা।
৩। পরিচালক/তত্ত্বাবধায়ক প্রকৌশলী (সকল), ..........................................।
৪। সিএসও টু মহাপরিচালক, মহাপরিচালক-এর দপ্তর, বাপাউবো, ঢাকা।
৫। তত্ত্বাবধায়ক প্রকৌশলী, মানব সম্পদ উন্নয়ন পরিদপ্তর, বাপাউবো, ঢাকা।
৬। সিনিয়র সিস্টেম এনালিস্ট, কেন্দ্রীয় আইসিটি পরিদপ্তর, বাপাউবো, ঢাকা। বোর্ডের ওয়েবসাইটে প্রকাশের নিমিত্ত।
৭। নির্বাহী প্রকৌশলী (সকল), ..........................................।
৮। উপ-পরিচালক/হিসাবরক্ষণ কর্মকর্তা, আঞ্চলিক হিসাব কেন্দ্র (সকল), বাপাউবো, ....................।
৯। ব্যক্তিগত সহকারী, অতিরিক্ত মহাপরিচালক (সকল), বাপাউবো, ঢাকা।
১০। ব্যক্তিগত সহকারী, পরিচালক, কর্মচারী পরিদপ্তর, বাপাউবো, ঢাকা।

২১|০৯|২৩
(মোস্তফা আল আমীন)
সহকারী পরিচালক-১
আইডি নং-৯০০৬০১০০৭